



মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতি
পারনান্দুয়ালী, মাগুরা

টেলিফোনঃ - ০৪৮৮-৬২৭৪৪
মোবাইলঃ - ০১৭৬৯৪০০০৪৬
ই-মেইল - magurapbs_gm@yahoo.com



একই স্মারকে স্থলাভিষিক্ত হবে

স্মারক নং-২৭.১২.৫৫৫৭.৫৫১.০১.০০৩.২০. ২০১৬

তারিখ ১৫ আশ্বিন'১৪২৭ বাং
৩০/০৯/২০২০ ইং

বিষয়ঃ-আইন উপদেষ্টা নিয়োগ বিজ্ঞপ্তি।

মাগুরা জেলার দেওয়ানী ও ফৌজদারী আদালতসমূহে অত্র প্রতিষ্ঠানের পক্ষে মামলা মোকদ্দমা পরিচালনার জন্য নিম্ন বর্ণিত শর্তাবলী পূরণ সাপেক্ষে একজন বিদ্যুৎ আইন উপদেষ্টা নিয়োগ করা হবে। আগ্রহী উপযুক্ত প্রার্থীকে আইন পেশার অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত অনুলিপি ও সাম্প্রতিক কালে তোলা দুই কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যানের নিকট হতে প্রাপ্ত নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত ফটোকপিসহ নিম্নোক্ত ছক অনুযায়ী আগামী ১০/১০/২০২০ ইং তারিখের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবরে আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

(ক) আবেদনকারীর নাম(স্পষ্টাক্ষরে)	
(খ) বর্তমান ঠিকানাঃ	
(গ) স্থায়ী ঠিকানাঃ	
(ঘ) অ্যাডভোকেট হিসাবে এনরোলমেন্টের তারিখঃ	
(ঙ) আইন পেশার সময়কালঃ (১) সহকারী জজ কোর্ট/উপজেলা কোর্ট (২) জজ কোর্ট (৩) সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ/আপিল বিভাগ	
(চ) আইন উপদেষ্টা হিসাবে পূর্ব অভিজ্ঞতাঃ	
(ছ) সরকারী/আধা সরকারী/স্বায়ত্তশাসিত অথবা অন্য কোন সংস্থায় বর্তমানে আইন উপদেষ্টা হিসাবে নিয়োজিত থাকিলে তাহার বিস্তারিত বর্ণনাঃ	

শর্তাবলীঃ-

- ১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।
- ২। মাগুরা জেলায় আইন পেশায় নিয়োজিত অবসর প্রাপ্ত জুডিসিয়াল কর্মকর্তাসহ যারা বিজ্ঞ জেলা/উপজেলা/সহকারী জজ আদালতে অন্ততঃ ০৮(আট) বৎসর যাবৎ আইন পেশায় নিয়োজিত আছেন কেবল তাঁরাই আবেদন করতে পারবেন।
- ৩। প্রার্থীকে আইন বিষয়ে ডিগ্রীর সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি এবং বার কাউন্সিলে এনরোলমেন্টের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।
- ৪। বর্ণিত পদে ০৩(তিন) বৎসরের জন্য চুক্তিভিত্তিতে নিয়োগ দেওয়া হবে।
- ৫। রিটাইনার ফি বাবদ মাসিক ৩০০০/= (তিন হাজার) টাকা এবং মামলা পরিচালনার ফি পবিস নির্দেশিকা মোতাবেক পরিশোধ করা হবে।
- ৬। একই সময়ে একের অধিক পল্লী বিদ্যুৎ সমিতিতে কেউ আইন উপদেষ্টা পদে কাজ করিতে পারবেন না।
- ৭। অত্র পবিসে কর্মরত কর্মকর্তা/কর্মচারী বা বোর্ড পরিচালক/মহিলা পরিচালক এর স্বামী/স্ত্রী অথবা উভয়ের রক্তের সম্পর্কীয় কেউ আবেদন করতে পারবেন না।

সংযুক্তিঃ-পবিস নির্দেশিকা(৩০০-৫০)-০১পাতা।

Received
৩০/০৯/২০
মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতি
পারনান্দুয়ালী, মাগুরা।

(রবীন্দ্রনাথ দাস)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ-(অনুরোধ সহ সদয় অবগতির জন্য প্রেরিত)

- ১। বিজ্ঞ জেলা ও দায়রা জজ, মাগুরা।
- ২। সম্মানিত জেলা প্রশাসক, মাগুরা।
- ৩। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার..... পবিস-১/২/৩/৪
- ৪। সভাপতি/সচিব মাগুরা আইনজীবী সমিতি, মাগুরা।
- ৫। ডিজিএম(সদর দপ্তর-কারিগরি)/আড়পাড়া জোনাল অফিস, মাগুরা পবিস।
- ৬। এজিএম অর্থ/পওর(সদর/আড়পাড়া/মহম্মদপুর, শ্রীপুর)/সঃ সেঃ, মাগুরা পবিস।
- ৭। নোটিশ বোর্ড, মাগুরা পবিস।
- ৮। অফিস কপি/মাস্টার কপি।

(রবীন্দ্রনাথ দাস)
জেনারেল ম্যানেজার